# কৃষি আবহাওয়া বার্তা

**রাজ্য: পশ্চিমবঙ্গ** তারিখ: **০৯-০৬-২০২২**

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০৬-০৬-২০২২ থেকে ০৮-০৬-২০২২ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত )।

**উক্ত সময়ের মধ্যে**

**০৬ ই জুন :**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের উত্তর দিনাজপুর জেলার দুয়েক জায়গায় ভারী ধরণের বৃষ্টিপাত হয়েছিল । পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছিল । পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল ।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :**

রায়গঞ্জ -৭ ; মাঝিয়ান -৩; কালিম্পঙ, বাগরাকোট, আলিপুরদুয়ার, দার্জিলিং, সেবক, মাথাভাঙ্গা, দার্জিলিং-২; কুমারগ্রাম, কালিম্পঙ, বারোভিশ, নেওরা, কোচবিহার-১

**০৭ ই জুন :**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের উত্তর দিনাজপুর জেলার দুয়েক জায়গায় ভারী ধরণের বৃষ্টিপাত হয়েছিল । পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা ধরণের বৃষ্টিপাত হয়েছিল । পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল ।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :**

রায়গঞ্জ - ১০ ;মাঝিয়ান - ৩ , ব্যারাকপুর- ১

**০৮ ই জুন :**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বর্ষা সক্রিয় ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পঙ ,জলপাইগুড়ি জেলার কয়েক জায়গায় ভারী ধরণের বৃষ্টিপাত হয়েছিল ।

উক্ত সময়ে নিম্নলিখিত জায়গার উপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে গিয়েছিল।

| তারিখ | স্থান | সময় | দিক | সর্বোচ্চ গতিবেগ (কিমি/ঘন্টা ) | স্থায়িত্ব (মিনিট) |
|---|---|---|---|---|---|
| ০৮ -০৬-২২ | দীঘা | ২০১৩ | দক্ষিণ- পশ্চিম | ৩৮-৪০ | ২ |

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় বৃষ্টিপাত হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর , পুরুলিয়া ,ঝাড়গ্রাম ,পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলার অনেক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত হয়েছিল । গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম, বাঁকুড়া, কলকাতা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :**

দোমোহানী , ফালাকাটা : ১০ ; জলপাইগুড়ি: ৭ ; বাগরাকোট : ৫ ; কোচবিহার , কাঁথি: ৩ , সেবক ,আলিপুরদুয়ার , নাগরাকাটা , নেওরা , দুর্গাপুর , ফুলবাড়ীয়া , খড়্গপুর : ২

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশে ):** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৭০ থেকে ৮৭ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬৬ থেকে ৯৪ শতাংশ |

**সর্বোচ্চ তাপমাত্রা :** উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ০৭ই জুন পুরুলিয়ায় ৪১.৭ ডিগ্রি সেলসিয়াস ছিল |

**শুষ্ক ও আর্দ্র বায়ুর সম্ভবতা (০৪.০৬.২২ থেকে ১০.০৬.২২ পর্যন্ত্য )**

| জেলা | আর্দ্র | শুষ্ক | জেলা | আর্দ্র | শুষ্ক |
|---|---|---|---|---|---|
| **বাঁকুড়া** | ৩৭ | ৬৩ | **হাওড়া** | ৪৩ | ৬৭ |
| **বীরভূম** | ২৬ | ৭৪ | **মুর্শিদাবাদ** | ৩৮ | ৬২ |
| **বর্ধমান** | ৩৯ | ৬১ | **নদীয়া** | ৪৮ | ৫২ |
| **হুগলি** | ৪৮ | ৫২ | **২৪ পরগনা** | ৪৪ | ৬৬ |
| **পুরুলিয়া** | ৪১ | ৬৯ | | | |

## পরবর্তী ৩ দিন (১০-০৬-২০২২ থেকে ১২-০৬-২০২২ অবধি ) ভারতীয় সময় ০৮৩০ পর্যন্ত্য আবহাওয়ার পূর্বাভাস :

## দিন ১ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির অধিকাংশ জায়গায় এবং বাকি জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে | গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে | পশ্চিমবঙ্গের আগামী ৫ দিন রাজ্যের সমতলাংশে দিনের তাপমাত্রার কোনো উল্লেখযোগ্য পরিবর্তন হবেনা |

## দিন ২–

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পঙ, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার জেলাগুলির অধিকাংশ জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে| গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে|

## দিন ৩ –

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পঙ, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার জেলাগুলির অধিকাংশ জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে| গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে|

## সতর্কীকরণ:

## দিন ১ –

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি ,আলিপুরদুয়ার, কোচবিহার, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলাগুলির দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী ধরণের (৭-২০ সেমি) বৃষ্টিপাতের সম্ভবনা আছে| পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পঙ, মালদা জেলাগুলির দুয়েক জায়গায় ভারী ধরণের (৭-১১ সেমি) বৃষ্টিপাতের সম্ভবনা আছে| গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, নদীয়া, বীরভূম, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলাগুলির দুয়েক জায়গায় ঘন্টায় ৩০-৪০ কিমি বেগে ঝোড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে| গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির ও পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা ,উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে|

## দিন ২–

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি ,আলিপুরদুয়ার, কোচবিহার, জেলাগুলির দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী ধরণের (৭-২০ সেমি) বৃষ্টিপাতের সম্ভবনা

আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পঙ, উত্তর দিনাজপুর জেলাগুলির দুয়েক জায়গায় ভারী ধরণের (৭-১১ সেমি) বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, নদীয়া, বীরভূম, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

## দিন ৩ –

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পঙ, আলিপুরদুয়ার, কোচবিহার, জেলাগুলির দুয়েক জায়গায় ভারী ধরণের (৭-১১ সেমি) বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, নদীয়া, বীরভূম, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

**পরবর্তী ২ দিনের অনুমান** : সামান্য পরিবর্তন হবে।

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র , আলিপুর

০৯-০৬-২০২২